The proposal was passed by 124 votes to one.

Once the text is officially promulgated, which seems likely given it was backed by the government, both men will be free to run for office.

Sall, a former mayor of Dakar, and Wade, son of former president Abdoulaye Wade, are both considered leading contenders for the presidential vote, due in February 2024.

They were prevented from running in the last presidential election, in 2019, because of separate convictions for financial crimes.

The 2019 victor Macky Sall, who is completing his second term in office, ended months of speculation by announcing in July that he would not seek a third term, the legality of which had been disputed.

Some observers believe that Saturday's parliamentary vote may help ease the tension that has gripped the country in recent months.

A PALESTINIAN gunman killed an Israeli municipal officer in commercial hub Tel Aviv on Saturday, before being fatally shot by another officer, authorities said.

The attack came amid a surge in violence in the Israeli-Palestinian conflict and a day after a 19-year-old Palestinian was killed by Israeli settlers in the occupied West Bank.

Tel Aviv police said a gunman opened fire at a municipal inspector in the city centre, who according to the Magen David Adom emergency service was taken to hospital 'in critical condition' and later pronounced dead.

The Ichilov hospital in the city said Hen Amir, 42, 'was killed while preventing with his own body a major attack, saving many lives in his death'.

Police earlier said that 'another municipal inspector responded swiftly' to the was taken to the same hospital, where officials later pronounced him dead.

Israel's Shin Bet domestic security service identified the gunman as Kamal Abu Bahar, 22, originally from the Jenin area, the site of frequent violence in the northern West Bank.

The Shin Bet claimed Abu Bahar was a sympathiser of Palestinian militant group Islamic Jihad, which Israel deems a terrorist organisation.

There was no immediate claim of responsibility.

A spokesman for Hamas, the Islamist movement that rules the blockaded Gaza Strip, said the attack was 'a response to the crimes of the occupation and settlers against our people'.

Prime Minister Benjamin Netanyahu paid tribute to the 'vigilance' of municipal officers which had helped 'avert a far more serious attack'.

Iran on Sunday appointed Mohammed Jafar Montazeri, who is under US and British sanctions, to head the Islamic republic's top court.

Montazeri was named the supreme court chief after the 'opinions of all the court judges' were taken into consideration, the judiciary's Mizan Online website said.

The 75-year-old, who had served prosecutor general since 2016, would be succeeded in his former post by Mohammad Kazem Movahedi Azad, the chief of High Disciplinary Court of Judges which investigates judicial conduct, Mizan added.

Montazeri was placed under US sanctions in December, with Washington identifying him as having a role in 'overseeing the prosecution of protesters' during mass demonstrations in Iran last year.


ISO 9001:2015 Certified

# জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি

বেলটিয়া, জামালপুর।

স্মারক নং-২৭.১২.৩৯৩৬.৫২৩.০১.০২২.২৩.৩৮৯৭

তারিখঃ- ০৬/০৮/২০২৩।

## "নিলাম বিজ্ঞপ্তি"

জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতির পরিচালন ও রক্ষণাবেক্ষণ স্টোরের কনডেমকৃত মালামাল যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে) শর্ত সাপেক্ষে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান/ঠিকাদারগণের নিকট হতে লেটার হেড প্যাডে(প্রযোজ্য ক্ষেত্রে) সীল মোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | মালামালের বিবরণ | পরিমান | একক | নিলাম দরপত্র দলিলের মূল্য (টাকা) | দরপত্র জামানত (টাকা) | নিলাম দরপত্র দলিল বিক্রয়ের সময়সূচী ও স্থান | নিলাম দরপত্র দলিল গ্রহণ, খোলার তারিখ, সময়সূচী ও স্থান — গ্রহণ | খোলা |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | হার্ডওয়্যার, মিটার সকেট, পাইওয়্যার, পিভিসির লৌহ জাতীয় মালামাল এবং টুলসসহ অন্যান্য লৌহ জাতীয় মালামাল | ৭৫১৩.৩৩ | টি | ১৫০০.০০ (এক হাজার পাঁচশত) টাকা | উদ্ধৃত মোট মূল্যের ২৫% | ০৮/০৮/২০২৩ হতে ২০/০৮/২০২৩ তারিখ পর্যন্ত (অফিস চলাকালীন সময়) জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর বেলটিয়া, জামালপুর ও পরিচালক,পবিস মনিটরিং ও ব্যঃ পাঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। | ২১/০৮/২০২৩ তারিখ ১১:০০ ঘটিকা জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর বেলটিয়া, জামালপুর ও পরিচালক,পবিস মনিটরিং ও ব্যঃ পাঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। | ২১/০৮/২০২৩ তারিখ ১১:০৫ ঘটিকা জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর বেলটিয়া, জামালপুর ও পরিচালক,পবিস মনিটরিং ও ব্যঃ পাঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। |
| ০২ | সিঙ্গেল ফেজ এনালগ মিটার- জে-১ এবং জে-১৬ | ১০,৯৯৫ | টি | | | | | |
| ০৩ | থ্রী-ফেজ ডিজিটাল মিটার- জে-২, জে-২৩, জে-৩ এবং জে-৪ | ৩০০ | টি | | | | | |
| ০৪ | সিঙ্গেল ফেজ ডিজিটাল মিটার, জে-৩৯ | ২০,৬৫৩ | টি | | | | | |
| ০৫ | সিটি/পিটি, জি-১২ এবং জি-১৫ | ০৫ | টি | | | | | |
| ০৬ | পিটি, জিএস-১ | ০৪ | টি | | | | | |
| ০৭ | ক্যাপাসিটর, কে-১১ | ০২ | টি | | | | | |
| ০৮ | প্লাস্টিক ববিন, ডব্লিউ এস-৭১ | ৭১৪ | টি | | | | | |

**শর্তাবলীঃ**

০১। দাখিলকৃত দরপত্র কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত দরের সমান অথবা বেশী দরদাতা গণের দর মূল্যায়ন সাপেক্ষে সর্বোচ্চ দরদাতার দরপত্র গ্রহণ করা হবে।
০২। আগ্রহী দরদাতাগণ উপরের বর্ণিত সময়সূচী অনুযায়ী পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর, জোয়ার সাহারা, খিলক্ষেত ঢাকা-১২২৯ অথবা জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, বেলটিয়া, জামালপুর-এ রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র দাখিল করতে পারবেন।
০৩। দাখিলকৃত দরপত্রসমূহ বর্ণিত সময় সূচী অনুযায়ী পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এবং জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, বেলটিয়া, জামালপুর দরদাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।
০৪। বর্ণিত মালামালের জন্য নিলাম দরের ২৫% হারে আর্নেস্টমানি জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতির অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে নিলাম দরপত্র দলিলের সাথে জমা দিতে হবে। অন্যথায় নিলাম দরপত্র বিবেচনা করা হবে না।
০৫। মালামাল আগামী ২০/০৮/২০২৩ তারিখ পর্যন্ত প্রতিদিন অফিস চলাকালীন জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর, বেলটিয়া, জামালপুর-এ পরিদর্শন করা যাবে।
০৬। কৃতকার্য নিলাম দরদাতাকে দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর ১৫(পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% (শতকরা পঁচাত্তর) মূল্য বাবদ নগদ/ পে-অর্ডার /ব্যাংক ড্রাফট আকারে পরিশোধ করে মালামালসমূহ গ্রহণ করতে হবে। অন্যথায়, দরপত্রের সাথে প্রদত্ত আর্নেস্টমানি বাজেয়াপ্ত করা হবে।
০৭। সরকারী নিয়মানুযায়ী কৃতকার্য নিলাম দরদাতাকে উদ্ধৃত মোট মূল্যের উপর ভ্যাট ও উৎসকর সহ পরিশোধ করতে হবে।
০৮। দাখিলকৃত দর কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত দর অপেক্ষা কম হলে দর বিবেচনা করা হবে না।
০৯। উক্ত নিলাম দরপত্রে শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সেক্ষেত্রে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
১০। সমিতি কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন অথবা সকল নিলাম দরপত্র দলিল গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

www.pbs.jamalpur.gov.bd
E-mail: jamalpurpbs@gmail.com

জেনারেল ম্যানেজার
জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি


"New Age" প্রকাশের তাং- 07/08/23

### সংশোধনী উঠছে আজ

- এফবিসিসিআইর পরিচালক পদ কমবে ১২টি
- দেশে বর্তমানে বাণিজ্য সংগঠন আছে প্রায় ১০০০

চাইলেই আর বাণিজ্য সংগঠন করা যাবে না। এ জন্য অনেক কঠিন শর্ত পূরণ করতে হবে। নতুন বাণিজ্য সংগঠন বিধিমালায় এসব শর্ত জুড়ে দেওয়া হচ্ছে। এ-সংক্রান্ত আইনের সংশোধনী আজ সোমবার মন্ত্রিসভা বৈঠকে উপস্থাপন করা হচ্ছে। এতে বিদেশি ব্যবসায়ীদের নিয়ে যৌথ বাণিজ্য সংগঠন করার সুযোগ রাখা হয়েছে।

'বাণিজ্য সংগঠন আইন, ২০২৩' সম্প্রতি মন্ত্রিপরিষদ বিভাগে জমা দিয়েছে বাণিজ্য মন্ত্রণালয়। এ বিষয়ে জানতে চাইলে বাণিজ্য মন্ত্রণালয়ের সিনিয়র সচিব তপন কান্তি ঘোষ সমকালকে বলেন, ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণের লক্ষ্যে আইনটিকে যুগোপযোগী করা হচ্ছে। বেশ কিছু শর্ত যুক্ত করে বিধিমালা করা হচ্ছে। এটি কার্যকর হলে নামসর্বস্ব কোনো বাণিজ্য সংগঠন হবে না আর। তিন দশক পর নতুনভাবে বিধিমালা হচ্ছে।

জানা গেছে, তিন দশক পর এবার আইনে সংশোধনী আনা হচ্ছে। আইনের খসড়ায় এফবিসিসিআইর পরিচালক ৮০ জন থেকে কমিয়ে ৬৮ জন করার কথা বলা হয়েছে। বিদ্যমান আইন ও সংশোধনীর খসড়ায় এবার অনেক শর্ত পূরণের কথা বলা হয়েছে, যা আগে ছিল না।

দেশে এখন বাণিজ্য সংগঠন বিধিমালা, ১৯৯৪ কার্যকর রয়েছে। এটি করা হয় ১৯৮৫ সালের বিধিমালা বাতিল করে। উভয় বিধিমালাই করা হয় ১৯৬১ সালের বাণিজ্য সংগঠন অধ্যাদেশের ভিত্তিতে। সেই অধ্যাদেশ বাতিল করে ২০২২ সালে নতুন বাণিজ্য সংগঠন আইন প্রণয়ন করে সরকার। এ আইনের ভিত্তিতেই নতুন বিধিমালা করা হচ্ছে।

বিধিমালার খসড়া অনুযায়ী বাণিজ্য সংগঠন করতে অন্তত ১১টি সমজাতীয় ব্যবসা-বাণিজ্য ও শিল্পের প্রতিনিধিত্বকারী প্রতিষ্ঠানকে একত্রে নামের ছাড়পত্রের জন্য বাণিজ্য সংগঠন মহাপরিচালকের কাছে আবেদন করতে হবে। সমজাতীয় প্রতিষ্ঠানের মধ্যে লিমিটেড কোম্পানি, এক ব্যক্তির কোম্পানি এবং অংশীদারি প্রতিষ্ঠান তিনটাই থাকতে পারবে। নামের ছাড়পত্রের মেয়াদ থাকবে ছয় মাস। বিদ্যমান বিধিমালায় প্রতিষ্ঠানের সংখ্যা নির্দিষ্ট করা নেই। নামের ছাড়পত্র নেওয়া ও এর মেয়াদ থাকার কথাও নেই। তিন-চারটি প্রতিষ্ঠান একত্র হয়েও লাইসেন্সের জন্য আবেদন করতে পারে।

খসড়ায় বলা হয়েছে, বর্তমানে দুই বা এর বেশি বাণিজ্য সংগঠন যদি একই উদ্দেশে লাইসেন্স নেয়, তাহলে বাণিজ্য সংগঠন মহাপরিচালক এগুলোর লাইসেন্স বাতিল করে একত্রীকরণের আদেশ দিতে পারবেন। কোনো বাণিজ্য সংগঠন বা এফবিসিসিআই একত্রীকরণের জন্য আবেদন করলেও এ ক্ষমতা প্রয়োগ করতে পারবেন মহাপরিচালক।

নতুন বিধিমালা হলে বাণিজ্য সংগঠন করা কঠিন

মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ও বাণিজ্য সংগঠন অনুবিভাগের মহাপরিচালক মালেকা খায়রুন্নেসা সমকালকে বলেন, ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণের উদ্দেশে আইনটিকে যুগোপযোগী করা হয়েছে, বিধিমালাও এখন সে রকমই হবে। আমরা অবশ্যই চাই যে নামসর্বস্ব কোনো বাণিজ্য সংগঠন যেন না থাকে।

বর্তমানে এফবিসিসিআইর পর্ষদ ৮০ জনের। এসব পদ আবার দুই ভাগে বিভক্ত। এক ভাগে জেলাভিত্তিক বাণিজ্য সংগঠন বা চেম্বার থেকে ৪০ জন পরিচালক হয়েছেন। বাকি ৪০ পরিচালক পণ্যভিত্তিক ব্যবসায়ী সংগঠনের। তবে ৮০ জন পরিচালকের মধ্যে ৩৪ জন মনোনয়নের মাধ্যমে ভোট ছাড়াই পদ পান। বাকি ৪৬ জনকে সরাসরি সদস্যদের ভোটে জিতে আসতে হয়।

নতুন বিধিতে চেম্বার গ্রুপ থেকে ৩২ জন ও অ্যাসোসিয়েশন গ্রুপ থেকে ৩২ জন করে মোট ৬৪ জন পরিচালক এবং দুটি সংগঠন থেকে সরকার মনোনীত দু'জন করে চারজন পরিচালক অর্থাৎ মোট ৬৮ জন পরিচালক নিয়ে এফবিসিসিআইর পর্ষদ গঠনের কথা বলা হয়েছে।

জানা গেছে, বর্তমানে সারাদেশে বাণিজ্য মন্ত্রণালয় থেকে লাইসেন্স নেওয়া প্রায় এক হাজার বাণিজ্য সংগঠন রয়েছে। এর মধ্যে এফবিসিসিআই, বাংলাদেশ চেম্বার ছাড়াও মেট্রো চেম্বার ৭টি, উইমেন চেম্বার ১৮টি, যৌথ চেম্বার ৫৪টি, পেশাজীবী গ্রুপ বা সমিতি ১৮৭টি, জেলা চেম্বার ৬৪টি ও উপজেলা চেম্বার ২টি এবং অ্যাসোসিয়েশন ৪৫১টি ও অলাভজনক সংগঠন ১৭০টি। এসব সংগঠনের বেশির ভাগেরই ওয়েবসাইট নেই। ফলে এগুলোর সম্পর্কে সাধারণ কোনো তথ্যও কেউ জানতে পারেন না।


শেখ হাসিনার উদ্যোগ

ISO 9001:2015 Certified

# জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি

বেলটিয়া, জামালপুর।

মুজিব ১০০

স্মারক নং-২৭.১২.৩৯৩৬.৫২৩.০১.০২২.২৩.৩৮৯৭ তারিখঃ- ০৬/০৮/২০২৩।

## "নিলাম বিজ্ঞপ্তি"

জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতির পরিচালন ও রক্ষণাবেক্ষণ স্টোরের কনডেমকৃত মালামাল যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে) শর্ত সাপেক্ষে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান/ঠিকাদারগণের নিকট হতে লেটার হেড প্যাডে(প্রযোজ্য ক্ষেত্রে) সীল মোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | মালামালের বিবরণ | পরিমান | একক | নিলাম দরপত্র দলিলের মূল্য (টাকা) | দরপত্র জামানত (টাকা) | নিলাম দরপত্র দলিল বিক্রয়ের সময়সূচী ও স্থান | নিলাম দরপত্র দলিল গ্রহণ, খোলার তারিখ, সময়সূচী ও স্থান | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | গ্রহণ | খোলা |
| ০১ | হার্ডওয়্যার, মিটার সকেট, গাইওয়্যার, পিডিবির লৌহ জাতীয় মালামাল এবং টুলসসহ অন্যান্য লৌহ জাতীয় মালামাল | ৭৫১৩.৩৩ | টি | ১৫০০.০০ (এক হাজার পাঁচশত) টাকা | উদ্ধৃত মোট মূল্যের ২৫% | ০৮/০৮/২০২৩ হতে ২০/০৮/২০২৩ তারিখ পর্যন্ত (অফিস চলাকালীন সময়) জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর বেলটিয়া, জামালপুর ও পরিচালক,পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। | ২১/০৮/২০২৩ তারিখ ১১:০০ ঘটিকা জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর বেলটিয়া, জামালপুর ও পরিচালক,পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। | ২১/০৮/২০২৩ তারিখ ১১:০৫ ঘটিকা জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর বেলটিয়া, জামালপুর ও পরিচালক,পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। |
| ০২ | সিঙ্গেল ফেজ এনালগ মিটার- জে-১ এবং জে-১৬ | ১০,৯৯৫ | টি | | | | | |
| ০৩ | থ্রী-ফেজ ডিজিটাল মিটার- জে-২, জে-২৩, জে-৩ এবং জে-৪ | ৩০০ | টি | | | | | |
| ০৪ | সিঙ্গেল ফেজ ডিজিটাল মিটার, জে-৩৯ | ২০,৬৫৩ | টি | | | | | |
| ০৫ | সিটি/পিটি, জি-১২ এবং জি-১৫ | ০৫ | টি | | | | | |
| ০৬ | পিটি, জিএস-১ | ০৪ | টি | | | | | |
| ০৭ | ক্যাপাসিটর, কে-১১ | ০২ | টি | | | | | |
| ০৮ | প্লাস্টিক ববিন, ডব্লিউ এস-৭১ | ৭১৪ | টি | | | | | |

**শর্তাবলীঃ**

০১। দাখিলকৃত দরপত্র কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত দরের সমান অথবা বেশী দরদাতা গণের দর মূল্যায়ন সাপেক্ষে সর্বোচ্চ দরদাতার দরপত্র গ্রহণ করা হবে।
০২। আগ্রহী দরদাতাগণ উপরের বর্ণিত সময়সূচী অনুযায়ী পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর, জোয়ার সাহারা, খিলক্ষেত ঢাকা-১২২৯ অথবা জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, বেলটিয়া, জামালপুর-এ রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র দাখিল করতে পারবেন।
০৩। দাখিলকৃত দরপত্রসমূহ বর্ণিত সময় সূচী অনুযায়ী পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এবং জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, বেলটিয়া, জামালপুর দরদাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।
০৪। বর্ণিত মালামালের জন্য নিলাম দরের ২৫% হারে আর্নেস্টমানি জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতির অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে নিলাম দরপত্র দলিলের সাথে জমা দিতে হবে। অন্যথায় নিলাম দরপত্র বিবেচনা করা হবে না।
০৫। মালামাল আগামী ২০/০৮/২০২৩ তারিখ পর্যন্ত প্রতিদিন অফিস চলাকালীন জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর, বেলটিয়া, জামালপুর-এ পরিদর্শন করা যাবে।
০৬। কৃতকার্য নিলাম দরদাতাকে দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর ১৫(পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% (শতকরা পঁচাত্তর) মূল্য বাবদ নগদ/ পে-অর্ডার /ব্যাংক ড্রাফট আকারে পরিশোধ করে মালামালসমূহ গ্রহণ করতে হবে। অন্যথায়, দরপত্রের সাথে প্রদত্ত আর্নেস্টমানি বাজেয়াপ্ত করা হবে।
০৭। সরকারী নিয়মানুযায়ী কৃতকার্য নিলাম দরদাতাকে উদ্ধৃত মোট মূল্যের উপর ভ্যাট ও উৎসকর সহ পরিশোধ করতে হবে।
০৮। দাখিলকৃত দর কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত দর অপেক্ষা কম হলে দর বিবেচনা করা হবে না।
০৯। উক্ত নিলাম দরপত্রে শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সেক্ষেত্রে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।
১০। সমিতি কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন অথবা সকল নিলাম দরপত্র দলিল গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

www.pbs.jamalpur.gov.bd
E-mail: jamalpurpbs@gmail.com

জেনারেল ম্যানেজার
জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি


দৈনিক সমকাল প্রকাশের তাং- ৭।৮।২৩